**সোনালী ব্যাংক লিমিটেড**
মানব সম্পদ উন্নয়ন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

**উদ্ভাবনী ব্যাংকিং-এ আপনার বিশ্বস্ত সঙ্গী**

**ব্যাংকিং ক্যারিয়ার গঠনের সুবর্ণ সুযোগ**

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য প্রযুক্তির ক্রমবর্ধমান চাহিদার সাথে খাপ খাইয়ে আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদানের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড নিম্নোক্ত পদে এবং বেতনস্কেলে মেধা ও অভিজ্ঞতাসম্পন্ন যোগ্য আইটি পার্সোনেল নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

১। **ডাটাবেস এডমিনিস্ট্রেটর ঃ** পদসংখ্যা-২ (দুই) টি।

**বেতনস্কেল ঃ ২২২৫০-৯০০ / ১০-৩১২৫০** এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যানা সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকল্যে ৩৪,০৭৫.০০ টাকা প্রদান করা হবে।

**শিক্ষাগত যোগ্যতা ঃ** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিনিউকেশন ইঞ্জিনিয়ারিং এ ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক ডিগ্রী অথবা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ পদার্থবিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ২টিতে ১ম শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/ বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

**অভিজ্ঞতা ঃ (ক)** এসিস্ট্যান্ট ডাটাবেস এডমিনিস্ট্রেটর হিসেবে ৩ বছরের অভিজ্ঞতাসহ ডাটা বেইস ডিজাইন ও রক্ষণাবেক্ষণের কাজে ৬ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) Online Vendor Certification [ Certified DBA in Oracle/ SQL/ DB2] ধারী হতে হবে।
(গ) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম সহযোগী সদস্য হতে হবে।

**সর্বোচ্চ বয়সসীমা (৩১/০৩/২০১১ তারিখে)** ঃ (ক) ৩৬ বৎসর। (খ) মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে, ৩৮ বৎসর।

২। **এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি) ঃ** পদসংখ্যা- ৪৬ (ছেচল্লিশ) টি।

**বেতনস্কেল ঃ ১১০০০-৪৯০ / ৭-১৪৪৩০ ইবি ৫৪০ / ১১-২০৩৭০** এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৬,৫০০.০০ টাকা প্রদান করা হবে।

**শিক্ষাগত যোগ্যতা ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিনিউকেশন ইঞ্জিনিয়ারিং এ ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক ডিগ্রী অথবা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ পদার্থবিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক (সম্মান) ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ২টিতে ১ম শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/ বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

**অভিজ্ঞতা** ঃ (ক) হার্ডওয়ার ও নেটওয়ার্কিং এর কাজে পারদর্শী ও এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে।
(খ) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম গ্রাজুয়েট সদস্য হতে হবে।

**সর্বোচ্চ বয়সসীমা(৩১/০৩/২০১১ তারিখে)** ঃ (ক) ৩০ বৎসর। (খ) মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে, ৩২ বৎসর।

**বিঃদ্রঃ** গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১ (অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে,

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে,

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় |

**৩। আবেদন করার পদ্ধতি ঃ**

(ক) আগ্রহী প্রার্থীদেরকে আগামী **২৯ মে হতে ১৫ জুন, ২০১১ তারিখের** মধ্যে শুধুমাত্র অত্র ব্যাংকের ওয়েবসাইট (www.sonalibank.com.bd) এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী ফরম পূরণের নির্দেশিকা (অত্র ব্যাংকের ওয়েব সাইটে দেওয়া আছে) মোতাবেক যথাযথভাবে ফরম পূরণ করবেন।

(খ) সঠিকভাবে ফরম পূরণ করা হলে প্রার্থী পরীক্ষার ফি প্রদানের জন্য একটি ইনভয়েস (Invoice) নম্বর পাবেন। প্রার্থী উক্ত ইনভয়েস নম্বরটি সংরক্ষণ করবেন।

(গ) প্রার্থী নির্দেশনা মোতাবেক টেলিটকের প্রিপেইড মোবাইল থেকে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি হিসেবে ২০০(দুইশত) টাকা প্রদান করবেন। ফি প্রদানের পর ফরমে দেওয়া প্রার্থী তার নিজস্ব মোবাইলে SMS এর মাধ্যমে একটি User name ও Password পাবেন।

(ঘ) প্রার্থী উক্ত User name ও Password দ্বারা পরবর্তীতে তার প্রবেশপত্র download করে প্রিন্ট করে নিবেন। প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি প্রার্থীর মোবাইলে SMS এবং পত্রিকার মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

(ঙ) লিখিত, ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে, ওয়েব সাইটে এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

(চ) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে)পরীক্ষা গ্রহণের পর কেবল উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহবান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় অনলাইন-এ প্রদত্ত তথ্যের গড়মিল লক্ষ্য করা গেলে প্রার্থীতা বাতিল হবে।

(ছ) চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে পারবেন। লিখিত ও ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে)পরীক্ষায় উত্তীর্ণ হলে ৩(চ) ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

**৪। অন্যান্য শর্তাবলী ঃ**

নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

স্বাঃ/-
(এ,কে,এম সাজেদুর রহমান খান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

carrer.doc